দৈনিক ইনকিলাব

তারিখ ... 14 SEP 1994 ...
পৃষ্ঠা ৫ কলাম ৩

# শিক্ষাঙ্গন

## আমাদের ব্যাপারে সিদ্ধান্ত নিন

১৯৯৩ সালে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ডিগ্রী (পাস) পরীক্ষায় আমরা তৃতীয় বিভাগে উত্তীর্ণ হই। এবং বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে আমরা ১৯৯৪ সালের ৩০ নভেম্বর অনুষ্ঠিতব্য ডিগ্রী (পাস) পরীক্ষায় মান উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে ফরম পূরণ করি।

কিন্তু পরবর্তীতে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন প্রকার লিখিত নির্দেশবিহীন শুধু মৌখিকভাবে বলে দেয় যে, আমরা যারা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রিকৃত তারা উক্ত মান উন্নয়ন পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবো না। তাই উক্ত পরীক্ষার ফরম বিশ্ববিদ্যালয় কর্তৃক গ্রহণ করা সম্ভব নয়। এবং পূরণকৃত ফরমসমূহ কলেজে ফেরত পাঠায়। এই প্রসংগে আমাদের প্রশ্ন, কেন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ১৯৯২ সালের ডিগ্রী (পাস) রেগুলেশনের যা রেজিস্ট্রার কর্তৃক ৬-১২-৯৩ তারিখে স্বাক্ষরিত ৩৭ নং. আইনের ৪৬ নং ধারায় উল্লেখ করেছে যে, ডিগ্রী (পাস) পরীক্ষার তৃতীয় বিভাগ প্রাপ্ত পরীক্ষার্থীগণ পরীক্ষা পাসের পরবর্তী বছর মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে এবং এই সুযোগ শুধুমাত্র একবার পাবে।

এখানে প্রধান লক্ষণীয় বিষয় যে, অন্যান্য বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশনের অর্থাৎ ১৯৯১-৯২ শিক্ষাবর্ষের রেজিস্ট্রিকৃত ছাত্রদের ব্যাপারে কোন ব্যাখ্যা দেয়া হয়নি। যার ফলস্বরূপ কলেজ কর্তৃপক্ষ উল্লেখিত আইনে আমাদের পূরণকৃত ফরম গ্রহণ করে এবং তা অনুমোদনের জন্য বিশ্ববিদ্যালয়ের নিকট উপস্থাপন করে। উপরোক্ত অবস্থার প্রেক্ষাপটে আমাদের বিনীত বক্তব্য ঃ

১। আমাদের মত বিপুল সংখ্যক মান উন্নয়ন পরীক্ষার্থীর ভবিষ্যৎ কি হবে এবং এই ভুলের মাশুল কারা বহন করবে?

২। আমাদের রেজিস্ট্রেশন তৎকালীন বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্ত অনুযায়ী হয়েছে, তাই আমরা কিভাবে এর জন্য দায়ী হতে পারি।

৩। পরীক্ষার আর মাত্র কয়েক মাস বাকী, সেই অনুযায়ী নতুন সিলেবাসে পরীক্ষার প্রস্তুতিও এগিয়ে চলেছে।

৪। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ছাত্র হিসেবে আমরাও উক্ত সুযোগ গ্রহণের দাবী করতে পারি, যা অযৌক্তিক নয়।

৫। আমাদের আর্থিক ক্ষতি ও মানসিক হয়রানির দায়ভার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বহন করবে কি?

তাই আমাদের প্রার্থনা, ঝুলন্ত বিষয়টির ব্যাপারে সদয় সিদ্ধান্ত গ্রহণপূর্বক আমাদের উন্নয়ন পরীক্ষায় অংশ গ্রহণের যাথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় শিক্ষামন্ত্রী, জাতীয় বিশ্ববিদ্যালয়সহ সংশ্লিষ্ট সকল মহলের দৃষ্টি আকর্ষণ করছি।

—মোহসীন কামাল,
নোয়াপাড়া ডিগ্রী কলেজ,
রাউজান, চট্টগ্রাম।